

শহর সমন্বয় কমিটির (TLCC) সভা
সভাপতি ঃ জনাব মোঃ রমজান


শহর সমন্বয় কমিটির (TLCC) সভা
সভাপতি : জনাব মোঃ রমজান

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ
প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
Web site : www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪- ৫৯৯

তারিখ ঃ ০৭/০৫/২০২৪ খ্রি.

## মানিকগঞ্জ পৌরসভার শহর সমন্বয় কমিটি (TLCC) সভার নোটিশ

মানিকগঞ্জ পৌরসভার 'শহর সমন্বয় কমিটি' {Town level co-ordination Committee (TLCC)}'র সভা আগামী ২০ মে, ২০২৪ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ মানিকগঞ্জ পৌসভার ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত ও ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট আলোচনা।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা
ও
চেয়ারপার্সন
শহর সমন্বয় কমিটি।
তারিখ ঃ ০৭/০৫/২০২৪ খ্রি

প্রাপক ঃ জনাব ..................................................
সদস্য
শহর সমন্বয় কমিটি
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪- ৫৯৯
অনুলিপি অবগতি ও উপস্থিতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১। উপ-পরিচালক (উপসচিব) স্থানীয় সরকার, মানিকগঞ্জ
০২। জনাব ..........................................কাউন্সিলর, .......নং সংরক্ষিত/সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা ও সদস্য,শহর সমন্বয় কমিটি, মানিকগঞ্জ পৌরসভা
০৩। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা-কে সভার যাবতীয় কার্যক্রম গ্রহণের জন্য বলা হলো
০৪। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
০৫। জনাব .......................................... পদবী....................., ................শাখা, মানিকগঞ্জ পৌরসভা
০৬। অফিস কপি
০৭। প্রধান সহকারী, ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা
ও
চেয়ারপার্সন
শহর সমন্বয় কমিটি।

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

অদ্য ২০/০৫/২০২৪ খ্রি. তারিখ রোজ সোমবার মানিকগঞ্জ পৌরসভার শহর সমন্বয় (টিএলসিসি) কমিটির সভায় উপস্থিত সদস্যদের বিবরণ নিম্নরূপ ঃ

| ক্রমিক নং- | নাম ও ঠিকানা | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা | |
| ০২ | জনাব নাজমা আকতার, কাউন্সিলর, ০১ নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা | |
| ০৩ | জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, ০২ নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা | |
| ০৪ | জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর, ০১ নং সংরক্ষিত ওয়ার্ড,মানিকগঞ্জ পৌরসভা | |
| ০৫ | জনাব মোঃ আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১ নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা | |
| ০৬ | জনাব মোঃ নুরুল ইসলাম,কাউন্সিলর, ০২ নং সাধারণ ওয়ার্ড,মানিকগঞ্জ পৌরসভা | |
| ০৭ | জনাব মোঃ তছলিম মিয়া, কাউন্সিলর, ০২ নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা | |
| ০৮ | জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস, কাউন্সিলর, ০৪ নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা | |
| ০৯ | জনাব আব্দুর রাজ্জাক রাজা, কাউন্সিলর, ০৫ নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা | |
| ১০ | জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর, ০৬ নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা | |
| ১১ | জনাব মোঃ কবির হোসেন, কাউন্সিলর, ০৭ নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা | |
| ১২ | জনাব আবু মোঃ নাহিদ, কাউন্সিলর, ০৮ নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা | |
| ১৩ | জনাব মোঃ উজ্জল হোসেন, কাউন্সিলর, ০৯ নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা | |
| ১৪ | প্রতিনিধি, জেলা প্রশাসক ঃ | |
| ১৫ | প্রতিনিধি, এলজিইডি ঃ মোঃ কায়সার আহামেদ, সহকারী প্রকৌশলী, এলজিইডি, মানিকগঞ্জ। | 20/05/24 |
| ১৬ | প্রতিনিধি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ | |
| ১৭ | প্রতিনিধি, সড়ক ও জনপথ অধিদপ্তর ঃ শাহাজাদা ফিরোজ, সহকারী প্রকৌশলী, সড়ক বিভাগ, মানিকগঞ্জ। | |

| ক্রমিক নং- | নাম ও ঠিকানা | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|
| ১৮ | প্রতিনিধি, গণপূর্ত বিভাগ ঃ সহকারী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ | |
| ১৯ | প্রতিনিধি, সমাজ সেবা ঃ জাহানারা আক্তার, জেলা সমাজ সেবা কার্যালয়, মানিকগঞ্জ। | |
| ২০ | প্রতিনিধি সমবায় ঃ অমল চন্দ্র সরকার, সহকারী পরিদর্শক, মানিকগঞ্জ। | |
| ২১ | প্রতিনিধি, বিটিসিএল ঃ মোঃ ফুল বাবু | |
| ২২ | পেশাজীবী প্রতিনিধি (শিক্ষা) ঃ জনাব মোঃ আব্দুল করিম বিশ্বাস, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বেগম জরিনা কলেজ। | |
| ২৩ | পেশাজীবী প্রতিনিধি ঃ জনাব হাজী আব্দুস সাত্তার, ৫৭/১৩, রমজান নগর, রমজান আলী সড়ক-২, মানিকগঞ্জ। | |
| ২৪ | পেশাজীবী প্রতিনিধি ঃ জনাব এ্যাডভোকেট এটিএম শাহজাহান, কুশেরচর, মানিকগঞ্জ। | |
| ২৫ | পেশাজীবী প্রতিনিধি ঃ জনাব মোঃ ফারুক হোসেন, নারাঙ্গাই, মানিকগঞ্জ। | |
| ২৬ | পেশাজীবী প্রতিনিধি ঃ জনাব গোলাম ছারোয়ার ছানু, সভাপতি, প্রেসক্লাব, মানিকগঞ্জ। | |
| ২৭ | এনজিও প্রতিনিধি ঃ জনাব মোঃ আলী, বেউথা, মানিকগঞ্জ। | |
| ২৮ | এনজিও প্রতিনিধি ঃ জনাব লতা আক্তার,পিতাঃ- রাজ মিয়া, আন্ধারমানিক মাদার ফাউন্ডেশন, মানিকগঞ্জ। | |
| ২৯ | এনজিও প্রতিনিধি ঃ জনাব মোঃ জাহাঙ্গীর আলম বিশ্বাস, পিতা- মোঃ আঃ রউফ বিশ্বাস,৩৯/৯, বেউথা, মানিকগঞ্জ। | |
| ৩০ | এনজিও প্রতিনিধি ঃ জনাব শ্রীমতি লক্ষী চ্যাটার্জি, মানিকগঞ্জ শহর, মানিকগঞ্জ। | |
| ৩১ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ জনাব নীনা রহমান, নগর ভবন রোড়, চাঁন মিয়া লেন, মানিকগঞ্জ। | |
| ৩২ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ জনাব মোঃ ফজলুল হক,কেওয়ারজানী, মানিকগঞ্জ। | |
| ৩৩ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ জনাব মোঃ জাহিদুল ইসলাম, পিতাঃ মোঃ সায়েদুর রহমান, সাং- জয়রা,মানিকগঞ্জ। | |
| ৩৪ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ প্রফেসর জনাব মোঃ ফজলুল হক, খন্দকার দেলোয়ার হোসেন কলেজ, মানিকগঞ্জ। | |
| ৩৫ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ জনাব রোমেজা আক্তার খান মাহিন, শহীদ তজু সড়ক, মানিকগঞ্জ। | |
| ৩৬ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ জনাব মোঃ আব্দুস ছালাম,পশ্চিম সেওতা, মানিকগঞ্জ। | ২৮/০৫/২০২৪ |
| ৩৭ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ জনাব সেলিনা আক্তার, খান বাহাদুন আওলাদ হোসেন খান কলেজ, অফিস সহকারী, মানিকগঞ্জ। | |
| ৩৮ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ জনাব কাশিনাথ সরকার, সহকারী প্রধান শিক্ষক, মানিকগঞ্জ। | |
| ৩৯ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ জনাব ফারজানা ইয়াসমিন, স্বামী- এস এম দেলোয়ার হোসেন, নয়াকান্দি, মানিকগঞ্জ। | ফারজানা |

| ক্রমিক নং- | নাম ও ঠিকানা | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|
| ৪০ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ জনাব কাজী শিউলী, স্বামী- কাজী এনায়েত হোসেন, উত্তর সেওতা, মানিকগঞ্জ। | |
| ৪১ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ জনাব মোঃ আলাউদ্দিন রায়হান,৭৫/৬, রমজান আলী রোড়, মানিকগঞ্জ। | |
| ৪২ | নাগরিক সমাজ প্রতিনিধি ঃ জনাব ফরিদা আহাম্মেদ কণা,স্বামী- সাইদ হাসান চৌধুরী ৬০/৬, বনগ্রাম আবাসিক এলাকা, গঙ্গাধরপট্টি, মানিকগঞ্জ। | |
| ৪৩ | শহর দরিদ্র জনগোষ্ঠী প্রতিনিধি ঃ জনাব মোঃ মোকসেদ আলী, বৈতরা, মানিকগঞ্জ। | |
| ৪৪ | শহর দরিদ্র জনগোষ্ঠী প্রতিনিধি ঃ জনাব মোঃ জাফার শেখ, বোয়ালিয়া, মানিকগঞ্জ। | |
| ৪৫ | শহর দরিদ্র জনগোষ্ঠী প্রতিনিধি ঃ জনাব আঃ সালাম, নবগ্রাম, মানিকগঞ্জ। | |
| ৪৬ | শহর দরিদ্র জনগোষ্ঠী প্রতিনিধি ঃ জনাব রাবেয়া আক্তার, স্বামী- মোঃ মহর আলী, মানিকগঞ্জ। | |
| ৪৭ | শহর দরিদ্র জনগোষ্ঠী প্রতিনিধি ঃ জনাব মনিরুল ইসলাম মিহির, কান্দরকান্দি, মানিকগঞ্জ। | |
| ৪৮ | শহর দরিদ্র জনগোষ্ঠী প্রতিনিধি ঃ জনাব আনোয়ারা বেগম, স্বামী- মানিক মিয়া, কাচারী বাজার, মানিকগঞ্জ। | আনোয়ারা বেগম |
| ৪৯ | শহর দরিদ্র জনগোষ্ঠী প্রতিনিধি ঃ জনাব দিপালী আক্তার, পিতা- আঃ খালেক, চর বেউথা, মানিকগঞ্জ। | দিপালি |
| ৫০ | জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ। | |

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

অদ্য ২০/০৫/২০২৪ খ্রি. তারিখ রোজ সোমবার মানিকগঞ্জ পৌরসভার শহর সমন্বয় (টিএলসিসি) কমিটির সভায় Improving Urban Governance & Infrastructure Improvement project (IUGIP) প্রকল্প হতে নিয়োজিত ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এসোসিয়েট (CDA) গনের উপস্থিতির বিবরণ নিম্নরূপ ঃ

| ক্রমিক নং- | নাম ও পদবি | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব এ কে এম আবু জাফর মল্লিক<br>ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এসোসিয়েট (CDA)<br>মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। | [illegible] |
| ০২ | জনাব ফৌজিয়া হোসেন<br>ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এসোসিয়েট (CDA)<br>মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। | Faujia hossain |

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪- ৬৩৮ তারিখ ঃ ২০/০৫/২০২৪ খ্রি.

## "মানিকগঞ্জ পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC) সভার কার্যবিবরণী"

| | |
|---|---|
| সভা নম্বর | ঃ ১৪ (চৌদ্দ) |
| সভার সভাপতি | ঃ জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা ও চেয়ারপার্সন, শহর সমন্বয় কমিটি (TLCC) মানিকগঞ্জ পৌরসভা |
| সভার নাম | ঃ পৌরসভা শহর সমন্বয় কমিটির (TLCC) সভা, মানিকগঞ্জ পৌরসভা |
| তারিখ | ঃ ২০ মে ২০২৪ |
| বার | ঃ বৃহস্পতিবার |
| সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ পৌরসভার সভা কক্ষ |

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)

সভার প্রারম্ভে মেয়র, মানিকগঞ্জ পৌরসভা ও চেয়ারপার্সন, মানিকগঞ্জ পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC) সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দদের স্বাগত এবং শুভেচ্ছা ও সু-সংবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মেয়র উপস্থিত সকলকে বলেন সু-সংবাদটি হলো ঃ গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প, আইইউআইডিপি-২ প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষে ১০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্প প্রেরণের জন্য পত্র প্রেরণ করেছেন। প্রাপ্ত পত্রটি উপস্থিত সকলকে অবহিত করেন। পত্রের স্মারক নং-৪৬.০২.০০০০.৯২৩.১৪.৩১.২৪-১৫৯৬; তারিখঃ ১৩/০৫/২০২৪খ্রিঃ। শহর সমন্বয় কমিটির সদস্যদেরকে এলাকা ভিত্তিক জন-গুরুত্বপূর্ণ প্রকল্পের নাম নির্বাচন সহ মানিকগঞ্জ পৌরসভাকে কি ভাবে আধুনিক ও ডিজিটাল পৌরসভায় রুপান্তরিত করা যায় এবং দৃষ্টি নন্দন করা যায়। সে বিষয়ে সকলের শুচিন্তিত মতামত পেশ করার অনুরোধ জানান। তিনি সকল সদস্যদেরকে পর্যায়ক্রমে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার আহ্বান জানান। পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমানকে অদ্যকার সভায় আলোচ্য সূচি মোতাবেক সভার পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান।

আলোচ্য সূচী ঃ ০১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

আলোচনা ঃ সভায় চেয়ারপারসন কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়।
**সিদ্ধান্ত ঃ** বিগত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা ও শ্রবনান্তে কোনরূপ পরিবর্তন ও সংশোধন না থাকায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

শহর সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

আলোচ্যসূচি ঃ ০২ ঃ মানিকগঞ্জ পৌরসভার ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত ও ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট ও কর প্রস্তাব উপস্থাপন ঃ

আলোচনা ঃ মেয়র কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান সভাকে জানান যে, গত ২৫/০৪/২০২৪ খ্রি. তারিখে মানিকগঞ্জ পৌরসভার সকল শাখা প্রধানদের নিয়ে বাজেট সংক্রান্ত বিষয়ে পরামর্শ সভা করা হয়েছে। কিভাবে বাজেট প্রণয়ন করলে মানিকগঞ্জ পৌরসভা ও পৌরবাসীর উপকারে আসবে। সে বিষয়ে শাখা প্রধানদের নিকট হতে সুচিন্তিত মতামত ও ধারণা গ্রহণ করা হয়। পৌর নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, বাজেট একটি প্রতিষ্ঠানের আগামী অর্থ বছরের জন্য আয় ব্যয়ের দর্শন বা উন্নয়ন পরিকল্পনার একটি কাল্পনিক রূপ বা চিত্র। আগামী অর্থ বৎসরে কি ধরণের পরিকল্পনা গ্রহণ করা হবে, কি ভাবে নাগরিকদের সেবার মান বৃদ্ধি করা যাবে তারই একটি রূপকল্প সকলের মতামতের ভিত্তিতে সরকার কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী খসড়া বাজেটে সংকলন করা হয়েছে। আমার কর্তৃক সংকলিত প্রণীত বাজেটে ভুল ভ্রান্তি থাকতেই পারে। তিনি বলেন ইতোমধ্যে এ সংকলিত খসড়া বাজেট গত ৩০/০৪/২০২৪ইং তারিখে সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থাপন পূর্বক মতামত ও সুপারিশ গ্রহণ করা হয়েছে। উপস্থিত সকলের অনুমতি ক্রমে মানিকগঞ্জ পৌরসভার ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত ও ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। খসড়া বাজেটে রাজস্ব আয় ধরা হয়েছে ৫১,০৮,৪৫,০০০.০০ (একান্ন কোটি আটলক্ষ পঁয়তাল্লিশ হাজার টাকা), রাজস্ব ব্যয় ধরা হয়েছে ৪৯,৮৮,৫৫,০০০.০০ (উনপঞ্চাশ কোটি আটাশি লক্ষ পঞ্চান্ন হাজার টাকা), উন্নয়ন খাতে আয় ধরা হয়েছে ১৬৫,৩৫,০০,০০০ ( একশত পঁয়ষট্টি কোটি পঁয়ত্রিশ লক্ষ টাকা) উন্নয়ন খাতে ব্যয় ধরা হয়েছে ১৬৩,১০,০০,০০০ .০০ ( একশত তেষট্টি কোটি দশ লক্ষ টাকা), সর্বমোট আয় ধরা হয়েছে ২১৬,৪৩,৪৫,০০০.০০ (দুইশত ষোল কোটি তেতাল্লিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা, সর্বমোট ব্যয় ধরা হয়েছে ২১২,৯৮,৫৫,০০০.০০ (দুইশত বার কোটি আটানব্বই লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত সংশোধিত ও প্রস্তাবিত খসড়া বাজেটের খুটি নাটি ভুল ভ্রান্তি সংশোধনের জন্য উপস্থিত সকলকে বিনয়ের সহিত অনুরোধ জানানো হয়। উপস্থাপিত খসড়া বাজেটের ভুল বা সংশোধন যোগ্য বিষয়াদি আগামী ২৭/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে পৌর নির্বাহী কর্মকর্তার নিকট লিখিত আকারে পেশ করার আহবান জানানো হয়। উপস্থাপিত সংকলিত খসড়া বাজেট ও কর প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা করা হয়।

কমিটির সম্মানিত সদস্য জনাব গোলাম ছারোয়ার ছানু, সভাপতি, প্রেস ক্লাব, মানিকগঞ্জ- উপস্থিত সকলকে ধন্যবাদ ও সালাম জানান। তিনি সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ শহরটি অন্যান্য শহরের তুলনায় খুবই ছোট। শহরের মাঝের রাস্তাটি সরু হওয়াতে প্রায় সময় যানজট লেগেই থাকে। যানজটের অন্যতম কারন গাড়ী পার্কিংয়ের কোন জায়গা নেই। যারা ইতোমধ্যে ভবন নির্মাণ করেছে তারা বেজমেন্টে পার্কিংয়ের জন্য জায়গা না রেখে বিভিন্ন ধরণের ব্যবসা পরিচালনা করে আসছে। গঙ্গাধরপট্টি রাস্তার নিরাময় ক্লিনিকের সামনে রাস্তার মাঝে স্লাব ভেঙ্গে আছে, সেখানে একটি বাঁশ পুতে রাখা হয়েছে। গঙ্গাধরপট্টি রাস্তার মাসুদ সাহেবের বাসার সামনে রাস্তায় স্থাপিত স্লাব ভেঙ্গে রয়েছে এবং উত্তরা ব্যাংকের সামনে স্লাব স্থাপন করা হয়েছে কিন্তু ঢালাইয়ের কাজ সম্পন্ন করা হয়নি। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে এবং যান-মালের ক্ষতি সম্ভবনা রয়েছে। গঙ্গাধরপট্টি নিরাময় ক্লিনিকের সামনে যতবার স্লাব স্থাপন করে ততবারই স্লাব লাগানোর পরপরই ভেঙ্গে যায়। নতুন স্লাব বারবার ভেঙ্গে গেলে পৌরসভার ভাবমূর্তি ক্ষুন্ন হয় বলে আমি ব্যক্তিগত ভাবে মনে করি। তাই দ্রুত সময়ে উল্লেখিত স্থানের স্লাব সমূহ স্থাপন করা প্রয়োজন এবং স্লাব সমূহ যেন টেকসই হয় সে বিষয়ে পৌরসভার প্রকৌশল বিভাগকে সচেতন থাকতে হবে। তিনি আরো বলেন মানিকগঞ্জ শহরের খালের সৌন্দর্য বর্ধনের কাজ চলমান রয়েছে। কাজের গতি আশানুরূপ নয়। তিনি বলেন একই ঠিকাদার বারবার পৌরসভার বিভিন্ন প্রকল্পে কাজ পাচ্ছে। এই সিন্ডিকেট ভাংতে হবে। পৌরসভার বিভিন্ন প্রকল্পের কাজ স্বচ্ছতার সহিত বাস্তবায়ন করতে হবে।



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

গঙ্গাধরপট্টির রাস্তার উন্নয়ন কাজ চলমান থাকায় শহরের একটি মাত্র রাস্তা শহীদ রফিক সড়কে প্রায় সময় যানজট লেগেই থাকে। রাস্তাটির বেহাল অবস্থা। তৃপ্তি প্লাজার সম্মুখে ও স্বর্গ টাওয়ারের সামনে এবং বিভিন্ন জায়গায় কার্পেটিং রাস্তা ক্ষতি সাধিত হওয়ার কারনে যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তিনি আরো বলেন শহরের রাস্তা সমূহ ঝাড়ু দেওয়া হয় ৯.০০ টার সময়। আমি মনে করি সকাল ৬.০০ টার পূর্বে শহরের রাস্তা সমূহ ঝাড়ু দিলে শহরবাসি উপকৃত হবে। তাই ঈদ-উল-আযহার পূর্বে জরুরী ভিত্তিতে উপরোক্ত সমস্যাগুলো গুরুত্বের সহিত কার্যকরি ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।

শহর সমন্বয় কমিটির সদস্য জনাব মনিরুল ইসলাম মিহির বলেন, শহরের ভ্রাম্যমাণ দোকান উচ্ছেদ করতে হবে। বিশেষ করে পৌরসভা কার্যালয়ের সম্মুখ ভাগে বিভিন্ন ধরনের ব্যবসায়ীগণ ব্যবসা পরিচালনা করে থাকেন। যাহা মোটেও কাম্য নয়। উক্ত ভ্রাম্যমাণ দোকান সমূহ দ্রুততম সময়ে উচ্ছেদ করা প্রয়োজন।

০৩নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র-২ জনাব মোঃ তছলিম মিয়া সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ পৌরসভার বারবার নির্বাচিত ৪২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন মেয়র ও এশিয়া মহাদেশের শ্রেষ্ঠ শিক্ষানুরাগী মানিকগঞ্জ পৌরসভাকে আধুনিক ও ডিজিটাল পৌরসভায় রুপান্তরিত করার প্রাণপণ চেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, পৌরসভাকে দৃষ্টি নন্দন করে গড়ে তোলার জন্য সর্ব প্রথম শহরের যাবতীয় ময়লা অপসারণ করতে হবে। যত্রতত্র ময়লা ফেলা বন্ধ করতে হবে। মানিকগঞ্জ বাসস্ট্যান্ড ফুটপাতে ময়লা ফেলে ভাগারে পরিনত করে রাখে, যাহা দৃষ্টি গোচর সহ পরিবেশ দুষিত হয় এবং পৌরসভার ভাবমূর্তী ক্ষুন্ন হয়। তিনি আরো বলেন সামনে পবিত্র ঈদ-উল-আযহা। প্রতি ঈদেই যানজন লেগে থাকে এবং জন-সাধারণকে দুর্ভোগ পোহাতে হয়। বর্তমানে গঙ্গাধরপট্টি রাস্তাটির উন্নয়ন মূলক কাজ চলমান অবস্থায় রয়েছে। তাই যানজটের মাত্রা বৃদ্ধি পেয়েছে। তাই পৌরসভার মাধ্যমে পবিত্র ঈদ-উল-আযহার ৮/১০ দিন পূর্ব হতে ও ঈদের পরের কয়েক দিন পর্যন্ত শহরের মাঝের শহীদ রফিক সড়কটি ওয়ানওয়ে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলে জন-সাধারণ ভীষণ ভাবে উপকৃত হবে। জন-সাধারণের সুবিধার্থে ঈদ-উল-আযহার পূর্বে অবৈধ ভাসমান দোকানপাট উচ্ছেদের জন্য মাইকিং করা যেতে পারে। পৌর ট্রাফিক সেবা বৃদ্ধির লক্ষে লোকবল নিয়োগ করা প্রয়োজন। শহরের শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে পৌরসভার মাধ্যমে সারা বৎসর ট্রাফিক কাজে লোক নিয়োজিত রয়েছে। ঈদ-উল-আযহার পূর্বে শহরের শৃঙ্খলা সুন্দর রাখার স্বার্থে সার্বক্ষণিক কমপক্ষে আরো ০২(দুই) জন ট্রাফিক নিয়োগ করা প্রয়োজন। তিনি আরো বলেন ইতোপূর্বে পৌরসভার উদ্যোগে বেশ কয়েকবার ভ্রাম্যমাণ দোকান পাট উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। তেমন কোন ফল পাওয়া যায়নি। তার কারণ উচ্ছেদের পরপরই পূর্বের চেহারা ফিরে আসে। তিনি বলেন সড়ক ও জন-পথের রাস্তাঘাট পরিস্কার করার জন্য আলাদা গাড়ী রয়েছে। উক্ত গাড়ির মাধ্যমে সড়ক ও জনপথের নিয়ন্ত্রণাধীর রাস্তা সমূহ পরিস্কার করে থাকে। তাই সড়ক ও জনপথের নির্বাহী প্রকৌশলীর সহিত পরামর্শ করে পৌরসভার রাস্তা সমূহ নীট এন্ড ক্লীন রাখার জন্য উক্ত গাড়ি আনা যায় কিনা সে বিষয়ে মেয়রকে অনুরোধ জানান। তিনি আরো বলেন ভাসমান দোকানপাট উচ্ছেদ করে সীমাবদ্ধ থাকলে চলবেনা। তাদেরকে নিয়ে আমাদেরকে চিন্তাভাবনা করতে হবে তারা কি ভাবে জীবন পরিচালনা করবে। তাই ভাসমান দোকানদারদের জন্য হলিডে মার্কেট নির্মাণে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। তিনি আরো বলেন পুরাতন পৌরসভার যায়গায় যতদিন মার্কেট নির্মাণ করা না হয় ততদিন উক্ত জায়গায় গ্যারেজ নির্মাণ করা হলে পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি পাবে এবং শহর যানজট মুক্ত থাকবে।

**সুপারিশ সমূহ ঃ (১)** বিস্তারিত আলোচনান্তে পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত ও ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট ও কর প্রস্তাব পৌর পরিষদ সভায় উপস্থাপন পূর্বক অনুমোদনের সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো। যদি কোন সংশোধন থাকে তা ২৭/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে পৌর নির্বাহী কর্মকর্তার নিকট উপস্থাপনের জন্য সুপারিশ করা হলো। প্রস্তাবিত বাজেট যাহাতে সঠিক ও সুন্দর ভাবে বাস্তবায়ন হয়, সে বিষয়ে মেয়র মহোদয়কে সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাওয়ার সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো।



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

শহর সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

(১) পবিত্র ঈদ-উল-আযহার পূর্বে ক্ষতিগ্রস্থ গুরুত্ব পূর্ণ রাস্তা সমূহ মেরামত করার সুপারিশ গৃহিত হলো।

(২) যে সকল স্থানে স্লাব ভেঙ্গে গিয়েছে তা দ্রুত সময়ে নতুন স্লাব স্থাপন কাজ বাস্তবায়ন করার সুপারিশ গৃহিত হলো।

(৩) বিভিন্ন প্রকল্পের চলমান কাজ সমূহ নির্ধারিত সময়ে শেষ করার সুপারিশ গৃহিত হলো।

(৪) অবৈধ ভাসমান দোকানপাট উচ্ছেদের মাইকিং করার ও উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য সুপারিশ গৃহিত হলো।

(৫) সকাল ৬.০০ ঘটিকার পূর্বে রাস্তাঘাট ঝাড়ু দেওয়ার সুপারিশ গৃহিত হলো।

(৬) অবৈধ ভাসমান দোকানপাট উচ্ছেদের জন্য মাইকিং করার সুপারিশ গৃহিত হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সু-স্বাস্থ্য কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
চেয়ারপাসন
পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC)
মানিকগঞ্জ পৌরসভা।
ফোন নম্বর ঃ ০২-৯৯৬৬১০৪০৩
E-mail: manikganj_municipality@yahoo.com

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৩- ৫২৮ তারিখ ঃ ১৫/০৬/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ

০৩। প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নগর পরিচালক ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

০৪। জনাব............................................................................ কাউন্সিলর (সকল), মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

০৫। জনাব ..........................................................................., সদস্য, শহর সমন্বয় কমিটি, মানিকগঞ্জ পৌরসভা

০৬। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

০৭। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

০৮। প্রধান সহকারী, মানিকঞ্জ পৌরসভা-কে সংশ্লিষ্ট কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করার জন্য বলা হলো।

০৯। অফিস কপি।

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
চেয়ারপাসন
পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC)
মানিকগঞ্জ পৌরসভা

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।